

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখ্যপত্র

www.sec.gov.bd

১৭ পাত্র ১৪৩১ বঙ্গাব্দ

সূত্র নং- বিএসইসি/ মুখ্যপত্র/০২/২০২৪/৩৯

তারিখ:

০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিএসইসি চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯১৮ তম জরুরি কমিশন সভা অন্য ০১/০৯/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে;

স্টক এক্সচেঞ্জ এর নথিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটি (এনআরসি) কর্তৃক প্রস্তাব দাখিলের প্রেক্ষিতে কমিশন স্টক এক্সচেঞ্জ এর স্বতন্ত্র পরিচালক এর নিয়োগে অনুমোদন প্রদান করে থাকে। ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) এর স্বতন্ত্র পরিচালক পদত্যাগ করায় বর্তমানে উক্ত এক্সচেঞ্জ এর নথিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটি (এনআরসি) নেই। এই কমিটি না থাকায়, স্বতন্ত্র পরিচালক নির্বাচন বিষয়ে ডিএসই হতে প্রস্তাব কমিশনে দাখিলের সুযোগ নেই। অধিকস্তুপ্রয়োজনীয় সংখ্যক পরিচালক না থাকায়, নথিনেশন অ্যান্ড রেমুনারেশন কমিটি (এনআরসি) গঠনেরও সুযোগ নেই। সে প্রেক্ষিতে বর্তমানে স্বতন্ত্র পরিচালক না থাকায়, ডিএসই এর পরিচালনা পর্ষদ আইন অনুযায়ী পূর্ণাঙ্গ ও কার্যকর নয়। পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও বিনিয়োগকারীর স্বার্থ রক্ষার্থে স্বতন্ত্র পরিচালক নিয়োগ করা অতীব আবশ্যিক ও জরুরী। ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ২৪ ধারা ও অন্যান্য সংশ্লিষ্ট আইন অনুযায়ী কমিশন ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি এর পরিচালনা পর্ষদের নিয়োক্ত স্বতন্ত্র পরিচালক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়;

ক্রমিক নং	নাম ও পরিচয়
০১।	জনাব কে এ এম মাজেদুর রহমান, চেয়ারম্যান, মালদ্বীপ ইসলামী ব্যাংক
০২।	মেজর জেনারেল (অবঃ) ডেন্টার মোঃ কামরুজ্জামান, ডাইরেক্টর জেনারেল ও প্রফেসর, আর্মি ইনসিউট অফ বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন
০৩।	ডেন্টার নাহিদ হোসেন, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৪।	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মফিজুল ইসলাম রাশেদ, এফডিএলিউসি, পিএসসি, ৪৬ ব্রিগেড, বাংলাদেশ আর্মি
০৫।	ডেন্টার মোঃ হেলালউদ্দিন, ডাইরেক্টর রিসার্চ, সেন্টার অন ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফর এশিয়া অ্যান্ড প্যাসিফিক (সিরডাপ)
০৬।	সৈয়দ হাম্মাদুল করীম, সাবেক জেনারেল ম্যানেজার, মেটলাইফ বাংলাদেশ
০৭।	জনাব মোঃ ইসহাক মিয়া, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বাংলাদেশ ডাটা সেন্টার ও ডিজাস্টার রিকভারী সাইট লিমিটেড, চীফ ইনফরমেশন সিকিউরিটি অফিসার (CISO), বাংলাদেশ ব্যাংক (লিয়েন)

০২/০৯/২০২৪

ফারহানা ফারুকী

পরিচালক ও মুখ্যপত্র